১৫৫

দৈনিক বাংলা

তারিখ 05 DEC 1989
পৃষ্ঠা ১ কলাম ৭

# স্কুল-কলেজ ও মাদ্রাসা শিক্ষক কর্মচারীদের সমস্যা নিয়ে আলোচনা

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ ফেডারেশনের সেক্রেটারী জেনারেল প্রিন্সিপাল এ কে এম শহীদুল্লাহ-এর নেতৃত্বে সোমবার শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলামের সঙ্গে বাংলাদেশ সচিবালয়ে এক সভায় মিলিত হন।

সভায় প্রেসিডেন্টের ঘোষণার

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## আলোচনা

(১-এর পৃঃ পর)

আলোকে সরকারী ও বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদের বিভিন্ন সমস্যা সমাধানের সর্বশেষ অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

শিক্ষামন্ত্রী সভায় জানান যে বেসরকারী শিক্ষকদের বেতন বাবদ সরকারী মঞ্জুরীর টাকা মাসে মাসে প্রদানের ক্ষেত্রে পদ্ধতিগত জটিলতা নিরসন করে অক্টোবর ও নবেম্বর মাসের বেতনের চেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহে রোববার হস্তান্তর করা হয়েছে এবং ডিসেম্বর মাসের টাকা যাতে আগামী জানুয়ারী, ১৯৯০ সালের প্রথম সপ্তাহে শিক্ষকগণ পেতে পারেন তার ব্যবস্থা নেয়া হচ্ছে। বেসরকারী শিক্ষকদের জন্য জাতীয় শিক্ষক কল্যাণ ট্রাস্ট গঠনের প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে এসে পৌঁছেছে এবং শীঘ্রই তা মন্ত্রীপরিষদের অনুমোদন লাভ করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সভায় অন্যান্যের মধ্যে অধ্যাপক এ কে এম আলী রেজা, অধ্যাপক এ বি এম জনাব আলী, অধ্যক্ষা মারেফা খাতুন, মোঃ আজিজুল হক শাহ, মাওলানা মোহাম্মদ উল্লাহ, মাওলানা কাজী শরীয়তুল্লাহ, মোঃ মহিউদ্দিন এবং মাওলানা মোঃ নূরুল ইসলাম উপস্থিত ছিলেন।